**তথ্য কমিশন**

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নংঃ ২৮/২০১৪**

**অভিযোগকারী ঃ জনাব জসিম জিয়া**
পিতা-মোঃ মোকলেছুর রহমান
সিকদার ম্যানসন, ব্রাউন কম্পাউন্ড
১৬ নং ওয়ার্ড, বরিশাল সিটি কর্পোরেশন
বরিশাল।

**প্রতিপক্ষ ঃ জনাব মোঃ শাহ আলম**
নির্বাহী প্রকৌশলী
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল ।

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ ঃ ৩০-০৪-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব জসিম জিয়া বিগত ০৬-১১-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. **বিএম কলেজের সামনে আইভির ভেতরে জমে থাকা মালামাল কোন প্রক্রিয়ায় নিলাম দেয়া হয়েছে? কোন পত্রিকায় দরপত্র আহবান করা হয়েছে। কত গ্রুপ কাজ, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান কাজটি পেয়েছে? দরপত্র খোলার তারিখ, কতটি প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে? তাদের বিবরণ। কোন কোন মালামাল নিলাম দেয়া হয়েছে তার বিবরণ।**
২. **২০০৯ সাল থেকে ২০১৩ সালের জুলাই পর্যন্ত আপনার দপ্তরে কত টাকার এবং কি কি কাজ হয়েছে তার বিবরণ। কাজের দরপত্র কোন পত্রিকায় আহবান করা হয়েছিল? কোন কাজে কতগুলো দরপত্র জমা পড়েছিল?**
৩. **২০১৩ সালে আহবানকৃত ১৫ নং নোটিশের কাজ কোন ঠিকাদারী প্রতিষ্ঠানকে দেয়া হয়েছে? ওই কাজে কতটি দরপত্র জমা পড়েছিল? কাজের বর্তমান অগ্রগতি, ঠিকাদারকে কত টাকার বিল দেয়া হয়েছে? ঠিকাদার যে ব্যাংক গ্যারান্টি দিয়েছেন তা কোন ব্যাংকের এবং হিসেব নম্বর।**
৪. **১৬, ১৭, ১৮, ১৯ নং নোটিশের কাজের বিবরণ যেমন, কবে দরপত্র আহবান করা হয় এবং কোন পত্রিকায়? কারা কাজ পেয়েছেন তাদের প্রতিষ্ঠানের নাম।**
৫. **২০১০ সাল থেকে বর্তমান পর্যন্ত নির্বাহী প্রকৌশলী কত টাকা ভ্রমনভাতা নিয়েছেন তার বিবরণ।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৯-০১-২০১৪ তারিখে বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৭-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ৩০-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব জসিম জিয়া ও প্রতিপক্ষ বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ শাহ আলম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পৃ: দ্রঃ)

০৬। বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং ০১, ০২, ০৩ ও ০৪ নং তথ্য প্রস্তুত রয়েছে। ০৫ নং ক্রমিকের তথ্য ব্যক্তিগত তথ্য বিধায় প্রদানযোগ্য নয়।

০৭। অভিযোগকারীর যাচিত তথ্য প্রদানের বিষয়ে কমিশন নিম্নলিখিত মতামত প্রদান করেন।

- ০১ নং ক্রমিকে মালামাল নিলামের সন ও তারিখ উল্লেখ করা হয়নি।
- ০২ নং ক্রমিকে কোন্ কাজের জন্য টাকার পরিমান চাওয়া হয়েছে তা স্পষ্ট নয়।
- ০৩ নং ক্রমিকে ঠিকাদার যে ব্যাংক গ্যারান্টি দিয়েছে তার তথ্য অর্থাৎ ব্যাংকের নাম ও হিসাব নম্বর তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য নয়। তবে অবশিষ্ট তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য।
- ০৪ ও ০৫ নং ক্রমিকের তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য।

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের ক্রমিক নং ০১ ও ০২ এর তথ্য সুস্পষ্ট নয়। অভিযোগকারী ক্রমিক নং ০১ ও ০২ এর যাচিত তথ্য সুস্পষ্টভাবে পুনরায় আবেদন করা হলে, প্রদান করা যেতে পারে। ক্রমিক নং ০৩ এ ঠিকাদার যে ব্যাংক গ্যারান্টি দিয়েছে, সে ব্যাংকের নাম ও হিসাব নম্বর ব্যতীত অবশিষ্ট অংশের তথ্য এবং ক্রমিক নং ০৪ ও ০৫ এর তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিস্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিস্পত্তি করা হলো ঃ-

১। অভিযোগকারীকে ক্রমিক নং ০১ ও ০২ এর যাচিত তথ্য সুস্পষ্ট করে পুনরায় আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

২। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৫-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য (ব্যাংকের নাম ও হিসাব নম্বর ব্যতীত) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করার জন্য বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(অধ্যাপক ড. সাদেকা হালিম)** | **(মোহাম্মদ আবু তাহের)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]